**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সারা দেশের সঙ্গে রাজ্যেও উৎসাহ উদ্দীপনায় ঈদ-উল-ফিতর উদযাপন করা হয় ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা জি.বি.পি. হাসপাতালে রোগীর সহকারীদের জন্য সুলভ মূল্যে খাবার প্রদান কর্মসূচির সূচনা করেন |**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন বিগত ১০ বছরে কেন্দ্রীয় সরকার ২৫ কোটি মানুষকে দারিদ্র্যসীমার উপরে তুলে এনেছে।**

**(৪) টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেটে সংহতি ক্লাব ও জয়নগর ক্রিকেট ক্লাব সেমিফাইনালে উঠেছে।**

****************************************

**IDD–Ul–Fittar :**

রমজানের উপবাসের পর আজ খুশির ঈদ। সমগ্র দেশজুড়ে চিরাচরিত ধর্মীয় মর্যাদায় ঈদ-উল-ফিতর পালিত হয়। সকালে নামাজ পাঠের পর, একে-অপরকে আলিঙ্গন, গোটা দেশেই এই ছবি লক্ষ্য করা গেছে। ঈদ উপলক্ষ্যে দিল্লির জামা মসজিদে নামাজ পাঠ করেন বিপুল সংখ্যক ইসলাম ধর্মাবলম্বীরা।

রাজ্যও ইদ-উল-ফিতরের আনন্দে মেতে উঠেছে। বিভিন্ন মসজিদ ও ইদগায় ইদের নামাজ আদায় করা হয়। আগরতলার বিভিন্ন মসজিদের সঙ্গে কেন্দ্রীয় নামাজ আদায় করা হয় আগরতলার শিবনগরের গেদু মিয়াঁ মসজিদ প্রাঙ্গনে। নামাজ পরিচালনা করেন আগরতলা টাউন জামে মসজিদের ইমাম

মৌলানা আবদুর রহমান। বক্সনগর, সোনামুড়া, কুর্তি, কদমতলা, ধর্মনগর, কৈলাসহরে ইদ-উল-ফিতর ঘিরে উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

সিপাহীজলা জেলাতেও বিভিন্ন মসজিদে নামাজ আদায়ের পর একে অপরের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। সোনামুড়া টাউন জামে মসজিদের ঈদগাহ ময়দানে নামাজ পাঠ করান মসজিদের ইমাম মোহাম্মদ কবির হোসেন। বিশালগড় মহকুমায় ঈদের নামাজ অনুষ্ঠিত হয় বিশালগড় বাজারের কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে। প্রতিটি মুসলিম সম্প্রদায়ভুক্ত মানুষের বাড়িতে ছিল ঈদ উদযাপনের বিশেষ আয়োজন। রকমারি সেমাই, মিষ্টান্ন ও নানা রকমের খাবার দাবারের আয়োজন ছিল প্রায় প্রতিটি বাড়িতে।

গোমতি জেলার ১২১টি মসজিদে ঈদের নামাজ অনুষ্ঠিত হয়। উদয়পুর টাউন জামে মসজিদে নামাজ পাঠ করান মৌলানা দেলোয়ার হোসেন।

ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ ঈদ পালিত হয়। কৈলাশহরের টিলাবাজার ঈদগাহ ময়দানে মৌলানা সৈয়দ শাহনওয়াজ আলম, ও বাবুরবাজার জামিয়া ইসলামিয়া হুসাইনিয়া মাদ্রাসা প্রাঙ্গণে হাফিজ আব্দুল সমদ নামাজ পরিচালনা করেন। অন্যদিকে কৈলাশহর বাজার জামে মসজিদ প্রাঙ্গণে হাফিজ আব্দুল জলিল ও নূরপুর আহমদিয়া ঈদগাহে মৌলানা মকলিসুর রহমান নামাজ পাঠ করান।

আজ দক্ষিন জেলার বিলোনিয়ার আমজাদনগর, শান্তিরবাজারের দেবীপুরে ও ধর্মনগরে ডি এন ভি রোডস্থিত ঈদগাহে ঈদের নামাজ পাঠ করা হয়।

**********************************

**CM- Multi-Storied Office Building :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন সমস্ত সরকারী অফিস এক ছাদের তলায় নিয়ে আসার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই উদ্দেশ্যে আগরতলার গুর্খাবস্তি এলাকায় প্রায় এক একর জমিতে ক্যালিফোর্নিয়া প্রযুক্তি ব্যবহার করে বহুতল ভবন নির্মানের কাজ শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী আজ নির্মান কাজ পরিদর্শন করেন। সেখানে কাজের অগ্রগতি নিয়ে সংশ্লিষ্ট আধিকারিকদের সাথে কথা বলেন তিনি। মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান

এই বহুতল ভবন নির্মানে ব্যয় হবে ১৩৩ কোটি টাকা। ২০২৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে এই কাজ শেষ হবে তিনি আশা ব্যক্ত করেন। মুখ্যমন্ত্রী বলেন, অত্যাধুনিক প্রযুক্তিতে নির্মীয়মান এই ভবনে থাকবে ৪টি লিফট, ৪০০ আসন বিশিষ্ট কনফারেন্স হল, পার্কিং এর সু-ব্যবস্থা।

****************************

**CM-GB :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এবারের রাজ্য বাজেটেও সরকারের উদ্যোগে ভারত মাতা ক্যান্টিন ও নাইট শেল্টার স্থাপনের সংস্থান রাখা হয়েছে। যাতে চিকিৎসার জন্য দূরদূরান্ত থেকে আগরতলায় আগত রোগীর সহকারীরা স্বল্প খরচে রাত্রিযাপন এবং খাবার খেতে পারেন। আজ আগরতলা সরকারী মেডিক্যাল কলেজ এবং জি.বি.পি. হাসপাতালে রোগীর সহকারীদের জন্য দুপুরে ১০ টাকার বিনিময়ে খাবার প্রদান কর্মসূচির সূচনা করে মুখ্যমন্ত্রী একথা বলেন। জি.বি.পি. হাসপাতালে এই কর্মসূচিটি চালু করার জন্য মুখ্যমন্ত্রী রোগী কল্যাণ সমিতি এবং আগরতলা রোটারি ক্লাবকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

########Byte-CM#######

মুখ্যমন্ত্রী জি.বি. হাসপাতালের মেডিসিন বিভাগ সংলগ্ন স্থানে এই কর্মসূচির ফলক উন্মোচন করেন এবং উপস্থিত রোগীর সহকারীদের মধ্যে তিনি ভাত, ডাল, সব্জি ও ডিম সহ দুপুরের খাবার পরিবেশন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রোগী কল্যাণ সমিতির সদস্য কর্পোরেটর তুষার ভট্টাচার্য, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য অধিকর্তা ডা. সঞ্জীব কুমার দেববর্মা।

***************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল মানিক্য এনক্লেভে চতুর্থ উগাদি অর্থাৎ তেলেগু নববর্ষ উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। ত্রিপুরা তেলেগু

অ্যাসোসিয়েশন এই অনুষ্ঠানটির আয়োজন করে। ত্রিপুরা তেলেগু অ্যাসোসিয়েশনের সভাপতি পি.এস.এন. রাজু অনুষ্ঠানে স্বাগত ভাষণ রাখেন। উপস্থিত ছিলেন ত্রিপুরা তেলেগু অ্যাসোসিয়েশনের সম্পাদক বি. প্রসাদ রাও।

*******************************

**Bru Socio-Cultural Organization :**

ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশনের দুই দিনব্যাপী ২২তম কেন্দ্রীয় সম্মেলন আজ শান্তিরবাজার মহকুমার মধ্য কাঁঠালিয়ার রাজপ্রাসাদ চৌধুরী স্মৃতি উচ্চ বিদ্যালয়ে শেষ হয়েছে। সম্মেলনের উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভাপতি শান্তিরায় রিয়াং, বিধায়ক প্রমোদ রিয়াং, নন্দিতা রিয়াং, এডিসির কার্যনির্বাহী সদস্যা ডলি রিয়াং, এম.ডি.সি ভূমিকানন্দ রিয়াং।

রাজ্যের ১৩টি মহকুমা থেকে ২৪৪ প্রতিনিধি এই সম্মেলনে অংশগ্রহণ করে। সম্মেলনে সংগঠনের ৩২ জনের নতুন কমিটি গঠন করা হয়। সভাপতি পদে শান্তিরায় রিয়াং ও সম্পাদক পদে লাল বাহাদুর রিয়াং নির্বাচিত হন।

***********************

**Blood Donation :**

আমতলী বাজার ব্যবসায়ী সংস্থার উদ্যোগে আজ আমতলী বাজারে এক মেগা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। শিবিরে ১০০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-

আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Amit Shah-Hisar visit :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন বিগত ১০ বছরে কেন্দ্রীয় সরকার ২৫ কোটি মানুষকে দারিদ্র্যসীমার উপরে তুলে এনেছে। আজ হরিয়ানার হিসারে মহারাজা অগ্র সেন মেডিকেল কলেজ প্রাঙ্গনে মহারাজা অগ্র সেনের মর্মর মূর্তির আবরণ উন্মোচন অনুষ্ঠানে তিনি একথা বলেন। শ্রী শাহ আরও বলেন, দেশে ২০ কোটি মানুষকে আশ্রয় দেওয়ার জন্য চার কোটি ঘর তৈরি করা হয়েছে। সরকার জনস্বাস্থ্য কেন্দ্র এবং কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র তৈরিতে ৬৪,০০০ কোটি টাকা ব্যয় করেছে। এখন দেশে ২৩টি এইমস হাসপাতাল রয়েছে। মেডিকেল শিক্ষার্থীদের জন্য আগে ৫১,০০০ আসন ছিল, তা এখন বেড়ে দাঁড়িয়েছে ১,১৫,০০০টি আসন। আগামী পাঁচ বছরে মেডিকেল শিক্ষার্থীদের জন্য আরো ৮৫,০০০ আসন যুক্ত করা হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ উল্লেখ করেন।

########Byte-Amit Shah#######

**********************************************

**BNSS Enforced :**

ঊনকোটি জেলায় ভারত-বাংলাদেশ সীমান্তে জনগণের নিরাপত্তা সুনিশ্চিত করতে উনকোটি জেলার জেলাশাসক ডি কে চাকমা ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩-এর ১৬৩ ধারায় প্রাপ্ত ক্ষমতাবলে আগামীকাল থেকে ৩০শে জুন কিছু বিধিনিষেধ জারি করেছেন। এই নিষেধাজ্ঞায় বলা

হয়েছে, ঊনকোটি জেলার অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তের ৩ কিমি এলাকায় সন্ধ্যা ৬টা থেকে পরের দিন সকাল ৬টা পর্যন্ত কেউ চলাফেরা করতে পারবে না। এই সময়ে উক্ত এলাকায় পাঁচ জনের অধিক লোক জড়ো হতে পারবে না। তেমনি সেই এলাকায় কেউ লাঠি, তীর, ধনুক, ধারালো বাঁশ, সাইকেলের চেইন, গুলতি, লোহার রড, ছুরি, আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক পদার্থ ইত্যাদি বহন করতে পারবে না।

জেলাশাসকের নিষেধাজ্ঞায় বলা হয়েছে পুলিশ, বিএসএফ, টিএসআর, আসাম রাইফেলস ও অন্যান্য কর্মরত আইন বলবৎকারী কর্মীদের ক্ষেত্রে এই বিধিনিষেধ প্রযোজ্য হবে না। জেলা প্রশাসন, পুলিশ, বিএসএফ ও অন্যান্য আইন বলবৎকারী কর্তৃপক্ষের অনুমোদনপত্র ধারীদের ক্ষেত্রেও এই বিধিনিষেধ বলবৎ হবে না। গুরুতর অসুস্থ রোগীদের হাসপাতালে পরিবহণকারী ব্যক্তি বা তাদের জন্য নির্দিষ্ট ঔষধের দোকান থেকে ঔষধ ক্রয় করতে যাওয়া ব্যক্তিরাও এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবেন বলে জানিয়েছেন ঊনকোটি জেলার জেলাশাসক ডি কে চাকমা। এই নিষেধাজ্ঞা উল্লঙ্ঘনকারী ব্যক্তির বিরুদ্ধে বিএনএস ২০২৩-এর ২২৩ ধারায় আইনী ব্যবস্থা নেওয়া হবে।

*****************************

**BJP :**

আগরতলায় বিজেপির প্রদেশ কার্যালয়ে এক সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, দলের আসাম ও ত্রিপুরার সংগঠন মহামন্ত্রী রবীন্দ্র রাজু সহ অন্যান্য নেতৃবৃন্দ।

**************************

**CPIM :**

সি.পি.আই.এম রাজ্য কমিটির উদ্যোগে আজ আগরতলার মেলারমাঠের দশরথ দেব স্মৃতিভবনে প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী বিমল সিনহার প্রয়াণ দিবস পালন

করা হয়। উপস্থিত ছিলেন সিপি এম রাজ্য সম্পাদক তথা বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন মন্ত্রী ভানুলাল সাহা ও অন্যান্য নেতৃবৃন্দ।

***************************

**CPIM :**

সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী জানিয়েছেন, আগামী দোসরা এপ্রিল থেকে তামিলনাড়ুর মাদুরাইয়ে সিপিআইএমের ৫ দিন ব্যাপী ২৪তম পার্টি কংগ্রেস শুরু হবে। এতে দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে পর্যালোচনা করা হবে।

**************************

**Knockout Cricket :**

টিসিএ পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেটের সংহতি ক্লাব ও জয়নগর ক্রিকেট ক্লাব সেমিফাইনালে উঠেছে। আজ আসরের দুটি কোয়ার্টার ফাইনাল ম্যাচ হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে সংহতি ক্লাব ৬ উইকেটে হার্ভে ক্লাবকে এবং পুলিশ ট্রেনিং একাডেমী মাঠে জয়নগর ক্রিকেট ক্লাব ৭ উইকেটে মৌচাক ক্লাবকে হারিয়ে দেয়।

***************************

**Assam rifles - women football team :**

আসাম রাইফেলস সেন্টিনেলস ফুটবল চ্যাম্পিয়নশিপে রানার্স আপ হওয়ার জন্য ত্রিপুরা মহিলা ফুটবল দলকে অভিনন্দন জানিয়েছেন ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায়। আজ আগরতলায় আসাম রাইফেলসের কুঞ্জবন গ্যারিসনে সংবর্ধনা অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী বলেন, রাজ্যে ক্রীড়ার অবকাঠামো ও প্রশিক্ষণ সুবিধার উন্নয়নের জন্য সরকার চেষ্টা করে যাচ্ছে। শিলং-এ অনুষ্ঠিত ফাইনাল ম্যাচে আসাম রাইফেলস মহিলা দলের সঙ্গে ফাইনাল ম্যাচে  ত্রিপুরা মহিলা ফুটবল দল পরাজিত হয়েছিল। এদিন  সংবর্ধনা অনুষ্ঠান উপস্থিত ছিলেন আসাম রাইফেলসের ডিআইজি ব্রিগেডিয়ার মনিশ রানা সহ অন্যরা।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

*****************************